দামুড়হুদায় বিবাহিত বনাম

অবিবাহিত ফুটবল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত

দামুড়হুদার শেখ রাসেল মিনি ষ্টেডিয়ামে দামুড়হুদা দাস পাড়া যুব সমাজের উদ্যোগে বিবাহিত বনাম অবিবাহিত ফুটবল খেলা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার বিকালে দামুড়হুদা সদর ইউনিয়নের ৪ নং ওয়ার্ডের মেম্বার পদপ্রার্থী নওশাদ আলীর সৌজন্যে এ খেলা অনুষ্ঠিত হয়। উক্ত ফুটবল খেলায় বিবাহিত দল ১-০ গোলে অবিবাহিত দলকে পরাজিত করে। খেলা শেষে চ্যাম্পিয়ন ও রানার্স আপ দলের হাতে পুরস্কার তুলেদেন উক্ত অনুষ্ঠানের প্রধান অতিথি সমাজ সেবক ও মেম্বার পদপ্রার্থী এবং দামুড়হুদা উপজেলা ক্রীড়া সংস্থার নির্বাহী সদস্য নওশাদ আলী, বিশেষ অতিথি দামুড়হুদা প্রেসক্লাবের যুগ্ম-সাধারন সম্পাদক হাবিবুর রহমান হাবীব, সাংবাদিক আলী আজগর সোনা ও সাংবাদিক মিরাজ হোসেন। এসময় আরো উপস্থিত ছিলেন স্থানীয় গণ্যমান্য ব্যাক্তিবর্গ। খেলাটি পরিচালনা করেন ইউসুফ আলী, নুরুল ইসলাম, ও সহিদ আজম সদু প্রমুখ

আলমডাঙ্গায় জাতির পিতা

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ড কাপ ফুটবল

টুর্নামেন্টের ফাইনাল খেলা

অনুষ্ঠিত

আলমডাঙ্গা উপজেলা প্রশাসন আয়োজিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা জাতীয় গোল্ড কাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।

২টি সেমি ফাইনাল খেলায় ম্যান অব-দ্যা ম্যাচের পুরস্কার দেন মন্ডল স্পটস।এবং ২ টি খেলায় সেরা দর্শকের পুরস্কার দেন বনিক সমিতির সম্পাদক কামাল হোসেন।এ ছাড়াও ফাইনাল খেলায় সেরা খেলোয়াড়,সেরা দর্শক,রেফারি সহ ঘোষকদেরও, প্রধান অতিথি পুরস্কার তুলে দেন।

তৃতীয়বারের মতো উপজেলা চ্যাম্পিয়ন আমদাহ ইউনিয়ন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট বালক (অনূর্ধ্ব-১৭) ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে। মেহেরপুর সদর উপজেলা পরিষদের উদ্যোগে বৃহস্পতিবার মেহেরপুর স্টেডিয়াম মাঠে অনুষ্ঠিত খেলায় আমদাহ ইউনিয়ন চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে।

এ নিয়ে টানা তৃতীয়বারের মতো উপজেলা চ্যাম্পিয়ন হওয়ার অনন্য গৌরব অর্জন করলো আমদাহ ইউনিয়ন।

খেলা শেষে মেহেরপুর সদর উপজেলা চেয়ারম্যান অ্যাড ইয়ারুল ইসলাম বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন। সদর উপজেলা নির্বাহি অফিসার মোঃ মাসুদুল আলমের সভাপতিত্বে পুরস্কার বিতরণ অনুষ্ঠানে বক্তব্য রাখেন, মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে অন্যদের মধ্যে, সহকারী কমিশনার (ভূমি) ইয়ানুর রহমান, জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদ, সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আনোয়ার হোসেন, জেলা ফুটবল এসোসিয়েশনের সাধারণ সম্পাদক আনোয়ারুল হক শাহী, ইউপি চেয়ারম্যান বোরহান উদ্দিন আহমেদ চুন্নু, আনারুল ইসলাম, শাহ জামাল এ সময সেখানে উপস্থিত ছিলেন। ফাইনাল খেলার একমাত্র গোলদাতা হিমেল সেরা খেলোয়াড় নির্বাচিত হন।

গাংনীতে বঙ্গবন্ধু শেখ মুজিবুুর রহমান গোল্ডকাপ ফুটবল টুর্ণামেন্টের সমাপনী খেলা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনীতে বঙ্গবন্ধু শেখ মুজিবুুর রহমান গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (অনুর্ধ্ব-১৭) উপলক্ষে উপজেলা পর্যায়ে আন্তঃ ইউনিয়ন ফুটবল প্রতিযোগীতা / ২০২১ এর সমাপনী খেলা শেষে পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকালে গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত খেলায় গাংনী পৌরসভা একাদশ, অনুষ্ঠিত সাহারবাটি ইউনিয়ন একাদশ কে ২-১ গোলে পরাজিত করেছে ।

খেলায় টুর্নামেন্ট সেরা খেলোয়াড় নির্বাচিত হয়েছেন গাংনী পৌরসভার মিকাইল হোসেন, ম্যান অব দি ম্যাচ সাজ্জাদ, সেরা গোলকিপার সাহারবাটি ইউনিয়নের গালিব, সেরা গোলদাতা সাহারবাটি ইউনিয়নের লিমন ।

গাংনী উপজেলা প্রশাসন আয়োজিত এই খেলায় সভাপতিত্বে করেন গাংনী উপজেলা নির্বাহি অফিসার মৌসুমী খানম । অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী পৌরসভার মেয়র আহাম্মদ আলী, উপজেলা ভাইস চেয়ারম্যান এ্যাড রাশেদুল হক জুয়েল, মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, সাহারবাটি ইউনিয়নের চেয়ারম্যান গোলাম ফারুক, পৌরসভার কাউন্সিলর ও প্যানেল মেয়র আছেলউদ্দীন ও মিজানুর রহমান । কাউন্সিলর , মকছেদ আলী, নাসিরউদ্দীন,ঝর্না বেগম । অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন গাংনী মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পারভেজ সাজ্জাদ রাজা ।

খেলা পরিচালনা করেন রেফারী আব্বাস আলী সহযোগিতায় বিপ্লব । বিপুল সংখ্যাক দর্শক খেলা উপভোগ করেন ।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

গাংনীর ভাটপাড়ায় নিজ অর্থে খেলোয়ারদের মাঝে জার্সি বিতরণ

মেহেরপুরের গাংনী উপজেলার ভাটপাড়া ফুটবল মাঠের খেলোয়াড় দের মাঝে জার্সি বিতরণ করা হয়েছে। গতকাল সোমবার বিকেলে ভাটপাড়া গ্রামের আবদুর রশিদের ছেলে শাহজাহান আলীর নিজ অর্থায়নে ২৫ জন খেলোয়াড় দের মাঝে জার্সি বিতরণ করেন।

এসময় উপস্থিত ছিলেন ফুটবল মাঠের প্রাক্তন ফুটবলার নওপাড়া নবীনপুর গ্রামের জাবের আলী বিশ্বাস,কালিগাংনী গ্রামের আক্কাস আলী, ভিটাপাড়া গ্রামের আব্দুর রহমান, ভাটপাড়া গ্রামের ইয়ারুল ইসলাম,আসাদুজ্জামান চৌধুরী,আকতারুজ্জামান,সাহারবাটি গ্রামের সুমন সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।

এ সময় বক্তারা বলেন খেলাধুলা মানুষের মন ও শারীরিক বিকাশ ঘটায়। বর্তমানে অনলাইনের যুগে মোবাইলভিত্তিক খেলায় হারিয়ে যাচ্ছে গ্রামীণ খেলাধূলা। উৎসাহ না থাকায় উঠতি বয়সের যুবকরা ফুটবল খেলার মতো জনপ্রিয় খেলা হারিয়ে ফেলছে। নিজ অর্থায়নে স্থানীয় যুবক শাহাজানের জার্সি বিতরণ ফুটবল খেলার উৎসাহ যোগাবে।।

শাহাজান আলী বলেন একসময় ফুটবল খেলা জনপ্রিয় খেলা হিসেবে গ্রাম গঞ্জের বিভিন্ন খেলার মাঠ দর্শক পরিপূর্ণ থাকতো কানায় কানায়। বর্তমানে আমাদের এলাকায় ভালো খেলোয়াড় তৈরি হচ্ছে না। এলাকার যুব সমাজকে খেলায় উদ্বুদ্ধ করা এবং এখান থেকে ভালো খেলোয়াড় তৈরি করার উদ্দেশ্যেই খেলোয়াড়দের মাঝে জার্সি বিতরনের উদ্যোগ নেয়া হয়েছে। শুধু জার্সি বিতরণ এর মধ্যেই সীমাবদ্ধ নয় এলাকার যুব সমাজকে মাদকমুক্ত ও মোবাইল গেমস এর আওতামুক্ত রাখতে নানা ধরনের পদক্ষেপ নেওয়ায় সহযোগিতা করা হবে। স্থানীয়রা জানায়, ভাটপাড়া গ্রামের শাহাজান আলী করোনাকালীন মুহূর্তে বিভিন্ন অসহায় অস্বচ্ছল পরিবারের মাঝে খাদ্য সহায়তা প্রদান করেছেন । অসহায় নিপীড়িত মানুষের পাশে থাতা শাহাজান আলী কে ধন্যবাদ জানিয়েছে এলাকাবাসী।

কালীগঞ্জে ইয়াংস্টার ক্লাবের উদ্যোগে ঘুড়ি উৎসব অনুষ্ঠিত

ঝিনাইদহের কালীগঞ্জে ইয়াংস্টার ক্লাবের উদ্যোগে ঘুড়ি ওড়ানো প্রতিযোগিতা ও ঘুড়ি উৎসব অনুষ্ঠিত হয়েছে। উপজেলার দক্ষিণ আড়পাড়ার ওয়াপদা এলাকার মাঠে এ ঘুড়ি উৎসবের আয়োজন করা হয়। পড়ন্ত বিকালে আশপাশের এলাকার অর্ধশতাধিক মানুষ প্রতিযোগিতায় অংশ নেন। নীল আকাশে উড়ছে লাল, হলুদ, সবুজ, বেগুনি রঙের ঘুড়ি।

নাটাই হাতে অন্যজনের ঘুড়ির সুতা কাটার সর্বাত্মক চেষ্টা, কখনো একটি ঘুড়ি অপরটিকে ছাড়িয়ে উঠে যাচ্ছে দিগন্তের আরো উঁচুতে। যান্ত্রিক জীবন ছেড়ে প্রকৃতির কাছে এরকম ঘুড়ি ওড়ানোর আয়োজনে অনেকেই ফিরে গেছেন তাদের শৈশবে।

প্রতিযোগিতা শেষে অংশগ্রহণকারী বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন ইয়াংস্টার ক্লাবের উপদেষ্টা মাহবুবুর রহমান মোহাব্বত, কামাল মাহমুদ বাপ্পি, সভাপতি সোহানুর রহমান সোহান, সাধারণ সম্পাদক রাশেদুল আলম লিটন, ইউনিভার্সিটি স্টুডেন্টস এসোসিয়েশন (ঊষা) কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক মাহফুজুর রহমান রিপন, গণ বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির (গবিসাস) প্রতিষ্ঠাতা সভাপতি আসিফ আল আজাদ সহ ক্লাবের বিভিন্ন সদস্যবৃন্দ।

ঘুড়ি উৎসবে অংশ নেয়া প্রতিযোগীরা বলেন, এটি অবশ্যই অন্যরকম একটি আয়োজন, এটি এমন একটি উৎসব যেখানে সকল বয়সী মানুষ এক হয়েছে, এটি মিলন মেলায় পরিণত হয়েছে। আয়োজকদের অবশ্যই ধন্যবাদ জানাতে হবে যে, একদিনের জন্য হলেও আমাদের ছোটবেলার স্মৃতিকে মনে করিয়ে দিয়েছে। করোনার এই সময়ে একটু হলেও আনন্দ পেয়েছি।

অনুষ্ঠানের আয়োজক ইয়াংস্টার ক্লাবের সভাপতি সোহানুর রহমান সোহান বলেন, যুব সমাজকে মোবাইল ফোন ও মাদকের আসক্তি থেকে স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনতে এ উৎসবের আয়োজন করা হয়েছে। এ উৎসব ও প্রতিযোগিতা প্রতিবছর অব্যাহত থাকবে। উল্লেখ্য, ইয়াংস্টার ক্লাব ২০১০ সালে প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠার পর থেকেই এই ক্লাবের সদস্যরা বিভিন্ন সামাজিক কার্যক্রম করে থাকে।

মেহেরপুরে বঙ্গবন্ধু অনূর্ধ্ব-১৭ গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

মেহেরপুরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট বালক (অনূর্ধ্ব-১৭) ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে।
গতকাল রবিবার বিকালে মেহেরপুর স্টেডিয়াম মাঠে এই টুর্নামেন্টের উদ্বোধন করা হয়। সদর উপজেলা চেয়ারম্যান অ্যাডঃ ইয়ারুল ইসলাম সদর উপজেলা পর্যায়ে টুর্নামেন্টের উদ্বোধন করেন। এ সময় সেখানে বক্তব্য রাখেন সদর উপজেলা নির্বাহী অফিসার মোহাম্মদ মাসুদুল আলম।
উদ্বোধনী অনুষ্ঠানে অন্যদের মধ্যে সহকারী কমিশনার (ভূমি) ইয়ানুর রহমান, জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদ, সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আনোয়ার হোসেন, জেলা ফুটবল এসোসিয়েশনের সভাপতি আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, সাধারণ সম্পাদক আনোয়ারুল হক শাহী, আমদাহ ইউনিয়নের চেয়ারম্যান আনোয়ারুল ইসলাম প্রমূখ উপস্থিত ছিলেন। উদ্বোধনী খেলায় আমদহ ইউনিয়ন জয়লাভ করেছে।
খেলায় আমদাহ ইউনিয়ন টাইব্রেকারে ২-০ গোলে পিরোজপুর ইউনিয়নকে পরাজিত করে।

কোটচাঁদপুরে বঙ্গবন্ধু জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের

উদ্বোধন

ঝিনাইদহের কোটচাঁদপুরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (বালক) অনুর্ধ্ব-১৭ ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (বালিকা) অনুর্ধ্ব-১৭ উদ্বোধন করা হয়েছে।

রবিবার বিকালে উপজেলা প্রশাসনের আয়োজনে স্থানীয সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠ প্রাঙ্গনে টুর্নামেন্টের উদ্বোধন করা হয়। উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, পৌর মেয়র মোঃ শহিদুজ্জামান সেলিম, থানার অফিসার ইনচার্জ মঈন উদ্দিন, উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, কোটচাঁদপুর ফায়ার সার্ভিস স্টেশন অফিসার প্রদীপ কুমার মন্ডল, সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মফিজ উদ্দীন, স্থানীয় পৌর ওয়ার্ড কাউন্সিলর সুব্রত বিশ্বাস।

টুর্নামেন্টে উপজেলার ৫টি ইউনিয়ন ও পৌরসভার অনুর্ধ্ব-১৭ ফুটবল একাদশ অংশগ্রহন করবে। আগামী ২জুন টুর্নামেন্টের সমাপনী ও বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হবে।